



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৫.২০২০- ২২৪

তারিখ: ০৮/০২/২০২২ খ্রি.

বিষয়: ফরিদপুর জেলার চরভদ্রাসন সরকারি কলেজের দেওয়ানী মামলা নং-৫৭/১২ এর রায়ে বিপরীতে উচ্চতর আদালতে আপিল/রিভিউ করার অনুমতি প্রসংগে।

সূত্র: কলেজ স্মারক নং-চভসক/২৪৮/২০২১ তারিখ: ২৭/১২/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার চরভদ্রাসন সরকারি কলেজের দেওয়ানী মামলা নং-৫৭/১২ এর রায়ে বিপরীতে উচ্চতর আদালতে আপিল/রিভিউ করার অনুমতি নিম্নবর্ণিত শর্তে প্রদান করা হলো।

২। সরকারি স্থাবর সম্পত্তি রক্ষার্থে মামলা মোমদমা পরিচালনা, প্রয়োজনে আপিল/রিভিউ দায়ের, দেশের সর্বোচ্চ আদালত তথা আইনের সর্বশেষ ধাপ পর্যন্ত যাওয়া, সংশ্লিষ্ট আদালতের সরকারি কৌশলীর সাথে যোগাযোগ, সংশ্লিষ্ট ভূমি অফিস ও স্থানীয়/জেলা প্রশাসনসহ মাননীয় এ্যাটর্নী জেনারেলের সহিত যোগাযোগ করতে হবে। এক্ষেত্রে মামলা পরিচালনার লক্ষ্যে একজন বেসরকারি সিভিল আইনজীবী নিয়োগ দেয়া এবং মামলাসমূহ পরিচালনা ও আইনজীবীর সন্মানী ভাতা বাবদ ব্যয় কলেজের বেসরকারি তহবিল হতে নির্বাহ করা যাবে। জবাবদিহিতা নিশ্চিতসহ বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মামলা মোকদ্দমার হালনাগাদ তথ্য অধিদপ্তরকে অবহিত করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(লোকমান হোসেন-১৭৩৯৪)  
সহকারী পরিচালক (কলেজ-১)  
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ

চরভদ্রাসন সরকারি কলেজ  
চরভদ্রাসন, ফরিদপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৫। সংরক্ষণ নথি।